শেখ হাসিনার উদ্যোগ

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.৪৮৪৯.৫৩৪.০১.০২১.২০২২- ৪৬৪

তারিখঃ ১৭ শ্রাবণ' ১৪২৯ বঙ্গাব্দ।
০১ আগষ্ট' ২০২২ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ সমিতির পরিচালন ও রক্ষনাবেক্ষন স্টোরের কনডেম ঘোষিত ব্যবহার অযোগ্য মালামালের নিলাম বিজ্ঞপ্তি।**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের কনডেম ঘোষিত ব্যবহার অযোগ্য মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগনের নিকট হতে সীলগালাযুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

মালামাল ও বিজ্ঞপ্তির বিবরণ নিম্নরুপঃ

| ক্রম | মালামালের বিবরণ | পরিমাণ | নিলাম দরপত্র দলিলের মূল্য | দরপত্র জামানত | দরপত্র ক্রয়, দাখিল ও উন্মুক্তকরণের স্থান | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণের সময়সূচী | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | হার্ডওয়্যার (লৌহ এবং স্টীল জাতীয়) মালামাল | ৬৫৮৪৬.৬৭ কেজি | ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা | দাখিলকৃত মূল্যের ২৫% | (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিম অঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা। (২) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, মনিরামপুর, যশোর। | ০৩/০৮/২২ খ্রিঃ হতে ১৬/০৮/২২ খ্রিঃ পর্যন্ত (অফিস চলাকালীন সময়) | ১৭/০৮/২২ খ্রিঃ রোজ বুধবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। | ১৭/০৮/২২ খ্রিঃ রোজ বুধবার দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত। |
| ২ | গাইগ্রীপ ও গাই ওয়্যার (স্টীল জাতীয়) মালামাল | ১০৪৫১ কেজি | | | | | | |
| ৩ | প্লাষ্টিক/সেফটি ক্যাপ জাতীয় মালামাল | ১৬২ টি | | | | | | |
| ৪ | সিটি ও পিটি জাতীয় মালামাল | ৩৪ টি | | | | | | |
| ৫ | মিটার জাতীয় মালামালঃ | - | | | | | | |
| | ক) ১ ফেজ এনালগ মিটার | ২৭৪৪ টি | | | | | | |
| | খ) ১ ফেজ ডিজিটাল মিটার | ৩০৪৭ টি | | | | | | |
| | গ) ৩ ফেজ ডিজিটাল মিটার | ৫৫ টি | | | | | | |

**শর্তাবলী ঃ**

০১॥ আগ্রহী দরদাতাগণ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ০৪ নং কলামে বর্ণিত পরিমাণ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ উল্লেখিত সময়ে যশোর পল্লী বিদ্যুৎ সমিত-২ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাড/সাদা কাগজ-এ আবেদনের মাধ্যমে যশোর পল্লী বিদ্যুৎ সমিত-২ এর সদর দপ্তর, মনিরামপুর, যশোর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিম অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ারযোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০২॥ আগামী ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখে দুপুর ১২.০০ টার মধ্যে **(ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিম অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, মনিরামপুর, যশোর** এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নিলাম দরপত্র একইদিন অর্থাৎ ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার সময় পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিম অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও যশোর পল্লী বিদ্যুৎ সমিত-২ এর সদর দপ্তরে অর্থাৎ নিজ নিজ দাখিলকৃত স্থানে উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিসযোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৩॥ নিলাম দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক দর ও উদ্ধৃত মোট দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে/তারতম্য পরিলক্ষিত হলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে। মোট উদ্বৃত্ত দর **অংকে ও কথায়** লিখতে হবে। নিলাম বিজ্ঞপ্তির সকল মালামালের ক্ষেত্রে সমিতি কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন একক মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।

১০ পৃষ্ঠার ০১ পৃষ্ঠা

০৪॥ দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ নিলামদরদাতার দরকে গৃহীতদর বলে বিবেচনা করা হবে। নিলাম দরদাতাকে দর দাখিলের ক্ষেত্রে অবশ্যই সকল আইটেমেরই দর দাখিল করতে হবে। কোন একক আইটেমের দরপত্র বিবেচনা করা হবে না। সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে **"যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের কনডেম ঘোষিত ব্যবহার অনুপযোগী মালামাল ক্রয়ের নিলাম দরপত্র সর্বশেষ সময়সীমার (১৭/০৮/২০২২খ্রিঃ তারিখ বেলা ১২:৩০ ঘটিকা ) এর পূর্বে খোলা যাবে না"** কথাটি লিখতে হবে। দরপত্রে কোন কাটা ছেঁড়া / ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

০৫॥ নিলাম দরদাতাকে মোট উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা জামানত হিসেবে **"সিনিয়র জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২"** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। নিরাপত্তা জামানত হিসেবে কোন ধরনের চেক গ্রহণযোগ্য হবে না। নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর গ্রহণ করা হবে।

০৬॥ কৃতকার্য নিলাম দরপত্র দাতাকে নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/ কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ পে অর্ডার/ ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৭॥ কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট-৭.৫% ও আয়কর-৫% আলাদাভাবে জমা প্রদান করতে হবে (সরকার কর্তৃক আয়কর ও ভ্যাট পরিবর্তন হলে তা পরিশোধ যোগ্য হবে)। অকৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৮॥ আগ্রহী দরদাতাগণ মালামালসমূহ ১৬/০৮/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে যশোর পল্লী বিদ্যুৎ সমিত-২ এর সদর দপ্তরে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক তা পরিদর্শন করতে পারবেন।

০৯॥ "সমিতির পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের ব্যবহার অনুপযোগী মালামাল" সমূহ অপসারণের সময় সমিতির কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/ প্রতিস্থাপন করে দিতে হবে।

১০॥ উল্লেখিত শর্ত বর্হিভুত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১॥ যশোর পল্লী বিদ্যুৎ সমিত-২ কর্তৃপক্ষ কর্তৃক কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১২॥ আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট www.pbs2.jessore.gov.bd-এ দেখতে পারবেন।

১৩। উপরের শর্তাবলী ছাড়াও সকল শর্তাবলী বিস্তারিতভাবে নিলাম দরপত্র দলিলে বর্ণিত থাকবে।

( প্রকৌঃ মনোহর কুমার বিশ্বাস)
সিনিয়র জেনারেল ম্যানেজার
ই-মেইলঃ jessorepbs2@yahoo.com
যোগাযোগ নম্বরঃ ০১৭৬৯-৪০০৫০৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
০৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা- বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের সদয় অনুরোধসহ।
০৪) জেলা প্রশাসক, যশোর।
০৫) পুলিশ সুপার, যশোর।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, মনিরামপুর।
০৮) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, যশোর।
০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, যশোর।
১০) উপজেলা নির্বাহী অফিসার, যশোর।
১১) ডিজিএম, কারিগরী/কেশবপুর/নড়াইল/নওয়াপাড়া/লক্ষীপাশা/কালিয়া জোঃ অঃ, যশোর পবিস-২।
১২) এজিএম (ওএন্ডএম), সাঁগরদাড়ী/রাজগঞ্জ/সিংগাড়ী সাব-জোনাল অফিস, যশোর পবিস-২।
১৩) এজিএম (অর্থ), যশোর পবিস-২।
১৪) এজিএম (আইটি), যশোর পবিস-২-বিজ্ঞপ্তিটি যশোর পবিস-২ এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১৫) মেসার্স-------------------------------------।
১৬) নোটিশ বোর্ড, যশোর পবিস-২।
১৭) অফিস কপি/ মাস্টার কপি।